



# বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন - বিএনএম Bangladesh Nationalist Movement - B N M

কেন্দ্রীয় কার্যালয় :

এইচ - ২৩, আমতলী, মহাখালী, ঢাকা - ১২১২

মোবাইল: ০১৬২১৯১৭৭১৮, ০১৭১৬০১০১০২

Email : bnm.democracy@gmail.com

www.bnmbd.org

## গঠনতন্ত্র

বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন-বিএনএম

### ১। দলের নাম:

বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন-বিএনএম

Bangladesh Nationalist Movement -BNM

### ২। আদর্শ:

মুক্তিযুদ্ধ, জাতীয়তাবাদ, ইনসাফ, প্রযুক্তি ও প্রগতি।

সবার উপরে দেশ-এক বাংলাদেশ।

### ৩। মূলমন্ত্র:

ক) আশরাফুল মাখলুকাত হিসেবে সকল মানুষের মূল্যায়ন।

খ) মুক্তিযুদ্ধের চেতনা এবং চেতনার ক্রমবর্ধমান বিকাশ।

গ) জাতীয়তাবাদ ও জাতিত্বের গৌরবময় উপলব্ধি।

ঘ) আইনের শাসন ও সামাজিক ন্যায় বিচার প্রতিষ্ঠা করা।

ঙ) ঐশ্বরিক বাণীর মর্যাদা অক্ষুণ্ন রাখা, ধর্মীয় মূল্যবোধ ও অনুশাসন এবং ইনসাফ প্রতিষ্ঠা করা।

চ) স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা ও গণতন্ত্র প্রতিষ্ঠা করা।

ছ) চতুর্থ শিল্প বিপ্লবের কার্যক্রম ও সুফলের মূলধারায় দেশকে সম্পৃক্তকরণ।

জ) প্রবাসীদের শ্রম ও ত্যাগের যথার্থ মূল্যায়ন। তরুণদের ক্ষমতায়নের মাধ্যমে উদ্যোগী ও উদ্যমী করা।

### ৪। উদ্দেশ্য ও লক্ষ্য:

ক্ষমতা ও শাসন এই দুটি ঋণাত্মক শব্দ এবং এই দুটি শব্দ "ব্যবস্থাপনা" শব্দ দ্বারা প্রতিস্থাপিত হবে। রাষ্ট্রযন্ত্রের কর্মকাণ্ডে দুর্নীতি রোধ, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে রাষ্ট্রযন্ত্রের সকল চালিকা শক্তির ব্যবস্থাপনা প্রযুক্তি/ অটোমেশনের মাধ্যমে পরিচালিত হবে।

স্বাক্ষর  
২/২/২০২৬  
আহবাবাক  
বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন  
(বিএনএম)



নিত্যক্ষণ-নতুন বাংলাদেশ  
Bangladesh-Changing Every Nanosecond

বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক রাজনৈতিক দল হিসেবে নিবন্ধিত - নিবন্ধন নং: ০৪৮

# বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন - বিএনএম Bangladesh Nationalist Movement - B N M



কেন্দ্রীয় কার্যালয় :  
এইচ - ২৩, আমতলী, মহাখালী, ঢাকা - ১২১২  
মোবাইল: ০১৬২১৯১৭৭১৮, ০১৭১৬০১০১০২  
Email : bnm.democracy@gmail.com

বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব সুরক্ষা করা, মুক্তিযুদ্ধের চেতনাকে সকল ক্ষেত্রে প্রতিষ্ঠা ও লালন করা, গণতন্ত্র পূর্ণঃরুদ্ধার ও চর্চা করা, সুশাসন ও ন্যায় বিচার প্রতিষ্ঠা করা, সংখ্যা লঘুদের নিরাপত্তা, সাংঘর্ষিক রাজনীতি পরিহার, গুণগত রাজনীতি চর্চা, পরিবার তন্ত্র পরিহার, সর্বক্ষেত্রে জবাবদিহিতা নিশ্চিত করা, দুর্নীতিমুক্ত, সন্ত্রাসমুক্ত, দারিদ্রমুক্ত এবং জাতীয় ঐক্যের মাধ্যমে উদার গণতন্ত্রের বাংলাদেশ গঠন। দলের প্রধান লক্ষ্য ও উদ্দেশ্য নিম্নরূপঃ

- ক) পার্টির পরিচালনায় সকল ক্ষেত্রে প্রযুক্তি ও গণতন্ত্রের ব্যবহার অত্যাবশ্যিকীয়।
- খ) রাজনীতি হতে হবে পূর্ণকালীন পেশা এই মর্মে আমাদের লক্ষ্য ফিউচার লিডার্স ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা যার মাধ্যমে রাজনীতিতে আগ্রহী সকল ব্যক্তিকে ইতিহাস -ঐতিহ্য, মূল্যবোধ, স্বচ্ছতা-জবাবদিহিতা, নেতৃত্ব-দক্ষতা, মানবিকতা ইত্যাদি জনগুরুত্বপূর্ণ বিষয়ে শিক্ষা গ্রহণ ও কৃতকার্যতার মাধ্যমে রাজনীতিতে প্রবেশ করানো।
- গ) "মাইগ্রেশন গভার্নেন্স ইকোসিস্টেম" এর মাধ্যমে বিদেশগামী কর্মী ও প্রবাসীদের জিরো কস্ট ফর্মুলা প্রণয়ন করত তাদের স্থি সিক্সটি ডিগ্রী কল্যাণ নিশ্চিত করা এবং বিদেশগামী কর্মীদের পেশাগত দক্ষতা উন্নয়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা।
- ঘ) বাংলাদেশের নিজ তথ্যপ্রযুক্তি ও নির্মাণ কার্যক্রম দ্বারা দেশের ক্ষুদ্র শিল্প থেকে মহাকাশ পদচারণা সহ সকল কার্যক্রমে বিজ্ঞান ও প্রযুক্তিগত উন্নয়নে কাজ করা এবং মহাকাশে বাংলাদেশের অভিযাত্রার উন্মেষ ঘটানো।
- ঙ) বেসরকারি বা প্রাইভেট চাকুরিজীবীদের পরিবারকে সুরক্ষিত রাখার জন্য চাকরী ও আপৎকালীন সময়ে কার্যকর বীমা পরিষেবা ক্ষুদ্র ঋণ এবং সামাজিক প্রানাদনার ক্ষেত্র তৈরি করা।
- চ) বাংলাদেশে জেগে উঠা নতুন ভূমিকে অর্গানিক খাদ্যের আধার হিসেবে বিশ্ব পরিমণ্ডলে পরিচিতি সমাদৃত করানো ও রপ্তানির ব্যবস্থা করা।
- ছ) স্মার্ট এডুকেশন এর মাধ্যমে শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন ঘটানো এবং তথ্যপ্রযুক্তির আওতাধীন রোবটিক্স, আর্টিফিশিয়াল ,আই ও টি প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় বাধ্যতামূলক অন্তর্ভুক্তি করন।
- জ) চতুর্থ শিল্প বিপ্লবের অংশীদার রাষ্ট্র হিসেবে বাংলাদেশকে বিশ্ব প্রযুক্তির আউটসোর্স দেশ হিসেবে প্রতিষ্ঠা করা।
- ঝ) বেকার যুব সমাজের দ্রুত কর্মমুখী এবং দক্ষ জনশক্তিতে রূপান্তর করতে ফ্রি-ল্যান্সিং এবং যুগ উপযোগী প্রযুক্তিগত প্রশিক্ষণের ব্যবস্থা করা।
- ঞ) সাংঘর্ষিক রাজনীতি পরিহার এবং গুণগত রাজনীতি চর্চা করা ।
- ট) পরিবার তন্ত্র পরিহার করা ।
- ঠ) রাষ্ট্র ও সমাজের সকল ক্ষেত্রে জবাবদিহিতা নিশ্চিত করা।
- ড) জাতীয় নেতৃত্বদের প্রতি যথাযথ সম্মান প্রদর্শন ও তাদের স্ব-স্ব মর্যাদায় প্রতিষ্ঠা করা।
- ঢ) একটি শোষণমুক্ত, সুষম এবং ন্যায়ভিত্তিক অর্থনৈতিক ব্যবস্থা প্রতিষ্ঠা করা।

*Signature*  
আইবায়ক ১৬/১০/২০২০  
বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন  
(বিএনএম)



নিত্যক্ষণ-নতুন বাংলাদেশ  
Bangladesh-Changing Every Nanosecond

# বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন - বিএনএম

## Bangladesh Nationalist Movement - B N M

আহ্বায়ক ১৬/১১/২০১৩  
বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন  
(বিএনএম)

কেন্দ্রীয় কার্যালয় :

এইচ - ২৩, আমতলী, মহাখালী, ঢাকা - ১২১২

মোবাইল: ০১৬২১৯১৭৭১৮, ০১৭১৬০১০১০২

Email : bnm.democracy@gmail.com



গ) অর্থনৈতিক সাবলম্বীতা অর্জন এবং দেশের ধনী-দরিদ্র, নারী-পুরুষ, গ্রাম-শহর, ছোট- বড় ও জাতি-গোষ্ঠীর মধ্যে বিদ্যমান সকল প্রকার বৈষম্যের অবসান ঘটানো।

ত) পার্বত্য চট্টগ্রামসহ দেশের বিভিন্ন স্থানে বসবাসরত ছোট-বড় নৃতাত্ত্বিক জনগোষ্ঠীর ধর্ম ও সংস্কৃতিকে রাষ্ট্রীয় স্বীকৃতি ও সম্মান প্রদানের মাধ্যমে ঐক্যবদ্ধ জাতি সৃষ্টি করা।

থ) বিশেষ অর্থনৈতিক ও সামাজিক কর্মসূচীর মাধ্যমে পরিকল্পিত গৃহায়ন, শিক্ষা, স্বাস্থ্য কর্মসূচীর উন্নয়নসহ অগ্রাধিকারের মাধ্যমে সুবিধাবঞ্চিতদের অগ্রগতি নিশ্চিত করা।

দ) বাংলাদেশের পশ্চাদপদ অঞ্চল সমূহ- যথা নদীভাঙ্গন অঞ্চল, চর ও দ্বীপ অঞ্চল, উত্তরাঞ্চলের মঙ্গা আক্রান্ত এলাকা, মহানগরগুলির বস্তি এলকার জন গোষ্ঠীর উপার্জন, স্বাস্থ্য, শিক্ষা ও গৃহায়ন সম্পর্কিত মানব অধিকার নিশ্চিত করার পদক্ষেপ গ্রহণ করা।

ধ) রাজনৈতিক ও সামাজিক কর্মসূচীর অজুহাতে কোন ধরনের ধ্বংসাত্মক কর্মকান্ড, যা জনসাধারণের জন্য ক্ষতিকারক বা দেশের উন্নয়নমূলক কর্মকান্ড বাধাগ্রস্ত হয়, ঐ ধরনের কোন প্রকার কর্মকান্ডে অংশগ্রহণ বা সমর্থন না জানাতে জনসচেতনতা তৈরি করা।

ন) আইনানুযায়ী দলের ও রাষ্ট্রের প্রতিটা ক্ষেত্রে নারীর প্রতিনিধিত্ব নিশ্চিত করা।

প) সশস্ত্র বাহিনীকে যুগোপযোগী ও প্রযুক্তি বান্ধব করা।

ফ) শিক্ষাবৃত্তির মাধ্যমে গরিব মেধাবী শিক্ষার্থীদের দেশে বিদেশে উচ্চশিক্ষা নিশ্চিত করা।

ব) দেশ ও জাতির ইতিহাস -ঐতিহ্য লালন এবং বাঙালি সংস্কৃতি বিকাশের লক্ষ্যে প্রচার-প্রচারণা ও নানামুখী পদক্ষেপ নেয়া।

ভ) নারীর উন্নয়ন ও ক্ষমতায়নের মাধ্যমে পরিবার-সমাজ তথা দেশের উন্নয়ন ধারা অব্যাহত রাখতে (এক পায়ে চলার পরিবর্তে দুই পায়ে চলার) কার্যকর পরিকল্পনা গ্রহণ করা।

ম) সাম্প্রদায়িক সম্প্রীতির মাধ্যমে একটি উদার ও সহনশীল সমাজ গঠনের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করা।

য) বিপরীতমুখী ভিন্ন ভিন্ন শিক্ষার পরিবর্তে একমুখী কল্যাণকর শিক্ষা কার্যক্রমের মাধ্যমে দেশের সকল মানুষের মানসম্মত শিক্ষা নিশ্চিত করা।

য়) পথশিশু, ভবঘুরে কিশোর ও অনাথ বালিকাদের জন্য "সেভ জোন" তৈরি করে তাদের প্রয়োজনীয় মৌলিক অধিকার এবং কর্মমুখী প্রশিক্ষণের মাধ্যমে সমাজে পুনর্বাসনের ব্যবস্থা করা।

র) হকার ও ক্ষুদ্র ব্যবসায়ীদের পেশাগত উন্নয়নে কাজ করা।

ল) চাষী ভাইদের অর্গানিক পণ্য উৎপাদন সংরক্ষণ ও ন্যায্য মূল্যে বিপণন এর নানামুখী ব্যবস্থা গ্রহণ।

### ৫। দলের পতাকা:

৪ ফুট লম্বা এবং ৩ ফুট উচ্চতা এই অনুপাতের (৪:৩) সাদা ব্যাকগ্রাউন্ডের ঠিক মাঝখানে গোলাকার বৃত্ত। গোলাকার বৃত্তের উপরে অর্ধাংশ লাল এবং নিচের অর্ধাংশ সবুজ। লাল অংশের নিম্নাংশে সুর্যালোক। শুধুমাত্র চেয়ারম্যান এবং কো- চেয়ারম্যান দপ্তর ও বাহনে দলীয় পতাকা ( দৈর্ঘ্য ২৫ সে:মি: ও প্রস্থ ১৫ সে:মি: ) বহন করতে পারবেন। মহাসচিব দলের লোগো সম্বলিত ফলক দপ্তর ও বাহনে ব্যবহার করতে পারবেন।





# বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন - বিএনএম Bangladesh Nationalist Movement - B N M

কেন্দ্রীয় কার্যালয় :

এইচ - ২৩, আমতলী, মহাখালী, ঢাকা - ১২১২

মোবাইল: ০১৬২১৯১৭৭১৮, ০১৭১৬০১০১০২

Email : bnm.democracy@gmail.com

www.bnmdbd.org

## ৬। দলীয় সংগীতঃ

প্রিয় বাংলাদেশ  
তোমার মাঝে স্বপ্নের শুরু  
তোমার মাঝে ভাঙ্গা গড়া  
তোমার মাঝে শেষ

সবার উপরে দেশ, এক বাংলাদেশ।

## ৭। দলের লোগোঃ

একটি গোলাকার বৃত্ত যার নিম্নের অর্ধেক সুজলা সুফলা কৃষি প্রধান সবুজ বাংলাদেশের প্রতিচ্ছবি।

উপরের অংশের লাল যা অপার সম্ভাবনাময় নতুন দিনের আভাস তার মাঝে সূর্যের ১৬ টি আলোকরশ্মি যা মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত বিজয় দিবসকে চিত্রিত করে। চারিদিকে প্রযুক্তির সোনালী বলয় দ্বারা আবৃত যা চতুর্থ শিল্প বিপ্লবের হাতছানি।



## ৮। সদস্য পদঃ

৮. ১। সদস্য পদ লাভের যোগ্যতা-

(ক) পার্টির আদর্শ, মূলমন্ত্র, লক্ষ্য ও উদ্দেশ্য ঘোষণাপত্র, কর্মসূচী ও গঠনতন্ত্র পাঠ এবং হৃদয়ঙ্গম করে, এর প্রতি সমর্থন ও আনুগত্য প্রকাশ করলে দেশের যেআদর্শ মূল মন্ত্র লক্ষ্য ও উদ্দেশ্য কোন পূর্ণবয়স্ক অর্থাৎ ১৮ বৎসর বয়সের নাগরিক পার্টির সদস্যপদ লাভ করতে পারেন।

আইনসিক  
২৬/১১/২০২৩  
বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন  
(বিএনএম)

নিত্যক্ষণ-নতুন বাংলাদেশ  
Bangladesh-Changing Every Nanosecond

বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক রাজনৈতিক দল হিসেবে নিবন্ধিত - নিবন্ধন নং: ০৪৮





# বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন - বিএনএম Bangladesh Nationalist Movement - B N M

*আইবাক*  
আইবাক ১৬/১০/২০২৩  
বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন  
(বিএনএম)

কেন্দ্রীয় কার্যালয় :

এইচ - ২৩, আমতলী, মহাখালী, ঢাকা - ১২১২

মোবাইল: ০১৬২১৯১৭৭১৮, ০১৭১৬০১০১০২

Email : bnmbd@gmail.com

(খ) প্রাথমিক সদস্য পদের আবেদনপত্র এই গঠনতন্ত্রের সাথে সংযুক্ত আছে। (পরিশিষ্ট-ক') এই ফরম পাটির অফিসে পাওয়া যাবে এবং পাটির নিজস্ব মোবাইল অ্যাপ্লিকেশনের মাধ্যমে সদস্য পদ লাভ করা যাবে।

(গ) আবেদনপত্র গৃহীত হওয়ার পর সদস্য পদের প্রমাণস্বরূপ নির্দিষ্ট ফরমে স্ব স্ব নির্বাহী কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকের যৌথ স্বাক্ষরে চাহিদাক্রমে পরিচয়পত্র দিতে পারবে।

(ঘ) পাটির প্রত্যেকটি উপজেলা অফিস তাদের স্ব স্ব এলাকার প্রাথমিক সদস্যদের তালিকা সংরক্ষণ করবেন। পাটির কেন্দ্রীয় অফিসে পাটির সর্বমোট সদস্য সদস্যদের নাম ও ঠিকানাসহ বিধিসম্মতভাবে সংরক্ষিত হবে।

৮.২। সদস্য পদ লাভের অযোগ্যতা-

(ক) বাংলাদেশের আইনানুগ নাগরিক নন এমন কোন ব্যক্তি 'বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন' সদস্য হতে পারবেন না।

(খ) বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও অখন্ডতার বিরোধী, দুর্নীতিবাজ, চরিত্রহীন, বিতর্কিত, সন্ত্রাসী বা গোপন সশস্ত্র রাজনীতিতে বিশ্বাসী, সন্ত্রাসের সাথে সংশ্লিষ্ট, এছাড়াও সমাজ বিরোধী ও গণবিরোধী কোন ব্যক্তি আদালত কর্তৃক সন্দেহাতীত ভাবে প্রমাণিত হলে এই পাটির সদস্য পদ দেয়া হবে না।

৮.৩। সদস্যপদ থেকে পদত্যাগ-

(ক) পাটির যে কোন সদস্য পাটির চেয়ারম্যান, কো-চেয়ারম্যান, মহাসচিব এর কাছে লিখিত চিঠির মাধ্যমে পদত্যাগ করতে পারবেন। পদত্যাগপত্র গ্রহণের ৬০ দিনের মধ্যে গ্রহণ/গ্রহণ না করার বিষয়ে সিদ্ধান্ত না দিলে ৬১ম দিন থেকে উল্লেখিত পদ শূন্য হবে।

(খ) পাটি কর্তৃক মনোনীত কোন সংসদ সদস্য যদি সংসদে সংসদীয় পাটির নেতার সম্মতি ছাড়া নিজের নির্দিষ্ট আসন পরিবর্তন করেন বা অন্য দলের সাথে জোট বাঁধেন বা ফ্লোরক্রস করেন অথবা সংসদে পাটির অবস্থানের পরিপন্থী কোন কাজ করেন, তাহলে উপরোক্ত যে কোন কার্যের কারণে, ঐ সংসদ সদস্যের বিরুদ্ধে পাটি কোন ব্যবস্থা গ্রহণ করলে, তিনি এই পাটি থেকে তাৎক্ষণিকভাবে পদত্যাগ করেছেন বলে গণ্য হবেন।

## ৯। জাতীয় স্থায়ী কমিটি গঠন পদ্ধতি- দায়িত্ব ও ক্ষমতাঃ

ক) পাটির চেয়ারম্যান, কো-চেয়ারম্যান, মহাসচিব এবং জাতীয় স্থায়ী কমিটি সদস্যের সমন্বয়ে পাটির জাতীয় স্থায়ী কমিটি গঠিত হইবে। চেয়ারম্যান এই কমিটির প্রধান থাকবেন।

(খ) অনূর্ধ্ব ১৫ (পনের) জন সদস্য সমন্বয়ে জাতীয় স্থায়ী কমিটি গঠিত হবে। চেয়ারম্যান, কো-চেয়ারম্যান ও মহাসচিব পদাধিকার বলে জাতীয় স্থায়ী কমিটির সদস্য হবেন। জাতীয় স্থায়ী কমিটির সদস্যবৃন্দ তাদের পদাধিকার বলে জাতীয় কাউন্সিলে সদস্য বলে গণ্য হবেন।

গ) জাতীয় স্থায়ী কমিটিই হবে পাটির সর্বোচ্চ নীতিনির্ধারণী কমিটি। পাটির সংগঠন, সংগঠন অনুমোদন ও পাটি পরিচালনার ক্ষেত্রে সকল কর্মকান্ড জাতীয় স্থায়ী কমিটির সিদ্ধান্ত ও দিক নির্দেশনা অনুসারে পরিচালিত হবে।

ঘ) জাতীয় স্থায়ী কমিটির সংখ্যাগরিষ্ঠ সদস্যদের মতামতের ভিত্তিতে সম্মিলিতভাবে বা পৃথক পৃথকভাবে এক বা একাধিক বিষয় ভিত্তিক কাজের দায়িত্ব যে কোন সদস্যকে দিতে পারবে।

ঙ) জাতীয় স্থায়ী কমিটি পাটির শীর্ষ কমিটি বিধায় পাটির উৎকর্ষতার লক্ষ্যে জাতীয় স্থায়ী কমিটি শিক্ষিত, সংসাহসী, দেশপ্রেমিক ও বাস্তব রাজনৈতিক অভিজ্ঞতা সম্পন্ন এবং শিক্ষিত হতে হবে।

নিত্যক্ষণ-নতুন বাংলাদেশ

Bangladesh-Changing Every Nanosecond





# বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন - বিএনএম Bangladesh Nationalist Movement - B N M

কেন্দ্রীয় কার্যালয় :

এইচ - ২৩, আমতলী, মহাখালী, ঢাকা - ১২১২

মোবাইল: ০১৬২১৯১৭৭১৮, ০১৭১৬০১০১০২

Email : bnm.democracy@gmail.com

www.bnmdbd.org



*আহবায়ক*  
২৬/১১/২০১৬  
বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন  
(বিএনএম)

## ১২। চেয়ারম্যান ও কো-চেয়ারম্যান অপসারণঃ

শুধুমাত্র গুরুতর অভিযোগ এবং দলীয় স্বার্থের বিরুদ্ধে অবস্থান নিলে জাতীয় নির্বাহী কমিটির দুই তৃতীয়াংশ সদস্যবৃন্দের প্রস্তাবক্রমে, জাতীয় নির্বাহী কমিটির সদস্যবৃন্দের গোপন ভোটে সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে দলের চেয়ারম্যান ও কো-চেয়ারম্যানকে অপসারণ করা যাবে।

## ১৩। দলের মহাসচিব এর দায়িত্ব ও কর্তব্যঃ

ক) পার্টির মহাসচিব প্রেসিডেন্টের পরামর্শক্রমে সংগঠনের কেন্দ্রবিন্দু হিসেবে দায়িত্ব পালন করবেন এবং সকল স্তরের কমিটির কর্মকান্ডগুলি সমন্বয় করবেন।

খ) মহাসচিব পার্টির সকল কর্মকান্ড সহ জাতীয় কর্মসূচী পালন করার জন্য যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করবেন।

## ১৪। মহাসচিব অপসারণঃ

জাতীয় নির্বাহী কমিটির এক তৃতীয়াংশ সদস্যের প্রস্তাবে স্থায়ী কমিটির সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে মহাসচিব অপসারণ করা যাবে এবং নতুন মহাসচিব নিয়োগ করা হবে।

## ১৫। জাতীয় স্থায়ী কমিটির সভা আহবানঃ

অত্যাবশ্যকীয় প্রয়োজনে চেয়ারম্যান, জাতীয় স্থায়ী কমিটির সভা আহবান না করলে সংখ্যাগরিষ্ঠ জাতীয় স্থায়ী কমিটি সদস্যদের সম্মতিক্রমে কো-চেয়ারম্যান স্থায়ী কমিটির জরুরী সভা আহবান করতে পারবেন।

## ১৬। সাংগঠনিক নীতিমালা ও কাঠামোঃ

(১) সকল স্তরের কমিটি গঠনের ক্ষেত্রে প্রকৃত গনতান্ত্রিক পদ্ধতি বাস্তবায়ন করা হবে।

(২) কেন্দ্রসহ সাংগঠনিক স্তরের কোন কমিটির চেয়ারম্যান/ মহাসচিব, সভাপতি/ সাধারণ সম্পাদক একাধারে ০২ (দুই) মেয়াদের অধিক পদে থাকবে না।

(৩) কেন্দ্রে চেয়ারম্যান/ মহাসচিব, আর বিভাগ, মহানগর, জেলা, উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ডে সংগঠনের প্রধান সভাপতি/ সাধারণ সম্পাদক হবে।

## ১৭। সাংগঠনিক বিন্যাসঃ

১) কেন্দ্রীয় কার্যনিবাহী কমিটি: অনূর্ধ্ব ২০১ সদস্য বিশিষ্ট হবে। দলীয় কাউন্সিলে দলের চেয়ারম্যান, কো-চেয়ারম্যান, মহাসচিব, যুগ্ম মহাসচিব এবং ১ জন সাংগঠনিক সম্পাদক নির্বাচিত হবেন। উক্ত নির্বাচিত কর্মকর্তাগণ অবশিষ্ট ব্যক্তি নির্বাচন ও পদ প্রদান করবেন।

নিত্যক্ষণ-নতুন বাংলাদেশ

Bangladesh-Changing Every Nanosecond

বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক রাজনৈতিক দল হিসেবে নিবন্ধিত - নিবন্ধন নং: ০৪৮





# বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন - বিএনএম Bangladesh Nationalist Movement - B N M

*আহবায়ক*  
২৬/১০/২০২৬  
বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন  
(বিএনএম)

কেন্দ্রীয় কার্যালয় :

এইচ - ২৩, আমতলী, মহাখালী, ঢাকা - ১২১২

মোবাইল: ০১৬২১৯১৭৭১৮, ০১৭১৬০১০১০২

Email : bnm.democracy@gmail.com



৮) জাতীয় স্থায়ী কমিটির সংখ্যাগরিষ্ঠ সদস্যবৃন্দের সম্মতিক্রমে জাতীয় স্থায়ী কমিটির নতুন সদস্য এবং নির্বাহী কমিটির শূন্য পদ পূরণ করা হবে।

৯) দুই তৃতীয়াংশ জাতীয় স্থায়ী কমিটি সদস্যের সম্মতিক্রমে অসদাচরণ, পার্টির শৃংখলা ভঙ্গ বা দায়িত্ব পালনে অসমর্থ হলে জাতীয় স্থায়ী কমিটির যে কোন সদস্যকে শোকজ, সাময়িকভাবে বরখাস্ত বা উক্ত পদ হতে বহিষ্কার করা যাবে সেক্ষেত্রে চেয়ারম্যান /কো-চেয়ারম্যান এবং মহাসচিব এই তিনজনের যেকোনো দুজনের সুপারিশ অত্যাবশ্যিক।

## ১০। জাতীয় স্থায়ী কমিটি সদস্য মন্ডলীর দায়িত্ব:

জাতীয় স্থায়ী কমিটি নিম্নোক্ত দায়িত্ব ও কর্তব্য পালন করবেন:

ক) পার্টির সর্বোচ্চ নীতি নির্ধারণী কমিটি, এই কমিটি পার্টির নীতি ও কর্মসূচী প্রণয়ন ও প্রবর্তন করবেন।

খ) দলের চেয়ারম্যানের, কো-চেয়ারম্যান ব্যতীত, পার্টির অন্যান্য সকল পর্যায়ের সদস্যের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ ও পুনঃ বিবেচনার ক্ষমতা এ কমিটির থাকবে।

গ) এই জাতীয় স্থায়ী কমিটি প্রয়োজনবোধে পার্টির ঘোষণাপত্র, গঠনতন্ত্র, বিধি, উপবিধি ও ধারা যথাযথ সম্মতিপূর্ণ ব্যাখ্যা করবেন এবং যে ব্যাখ্যা চূড়ান্ত বলে গণ্য হবে।

ঘ) জাতীয় স্থায়ী কমিটির সদস্যবৃন্দ, পার্টির সদস্যরা যাতে পার্টির ঘোষণাপত্র, গঠনতন্ত্র, ধারা, উপধারা, বিধি ও উপবিধির প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করেন এবং মেনে চলেন সে দিকে বিশেষ লক্ষ্য রাখবেন।

ঙ) জাতীয় স্থায়ী কমিটির সদস্যবৃন্দ পার্টির প্রচারপত্র ও অন্যান্য প্রকাশনার অনুমোদন দান করবেন এবং অনুমোদন ব্যতীত পার্টির কোন প্রচারপত্র বা প্রকাশনা প্রকাশ বা বিতরণ করা চলবে না।

চ) জাতীয় স্থায়ী কমিটির সদস্যবৃন্দ গ্রাম পর্যায় থেকে জাতীয় পর্যায় পর্যন্ত যে কোন নির্বাহী কমিটির কাজ সাময়িকভাবে মূলতবী রাখার নির্দেশ দিতে পারবেন কিংবা প্রয়োজনবোধে তা বাতিল করে দিয়ে পুনঃনির্বাচনের নির্দেশ দিতে পারবেন। পুনঃ নির্বাচনের জন্য জাতীয় নির্বাহী কমিটির একজন আহ্বায়ক বা বিশেষ ক্ষেত্রে একটি আহ্বায়ক কমিটি গঠন করে সংশ্লিষ্ট নির্বাহী কমিটির পুনর্গঠন ও পুনঃনির্বাচনের নির্দেশ দিতে পারবেন।

ছ) পার্টির জাতীয় স্থায়ী কমিটি জাতীয় নির্বাহী কমিটি এবং বিষয় কমিটি সমূহের আওতাভুক্ত যে কোন বিষয়ের উপর রিপোর্ট পেশ করার জন্য উক্ত কমিটিসমূহকে নির্দেশ দিতে পারবেন।

জ) পার্টির জাতীয় স্থায়ী কমিটি, জাতীয় নির্বাহী কমিটি এবং অন্যান্য কমিটি সমূহের কার্যকলাপ নিয়ন্ত্রণ ও তদারকী করবেন।

## ১১। চেয়ারম্যান/কো- চেয়ারম্যান/মহাসচিব এবং জাতীয় স্থায়ী কমিটি:

প্রথম নির্বাহী কমিটি গঠনের ক্ষেত্রে আহবায়ক কমিটির উপস্থিত সদস্যদের মধ্যে সংখ্যাগরিষ্ঠ সদস্যদের ভোটের মাধ্যমে ০৬ (ছয়) বছরের জন্য পার্টির স্থায়ী কমিটির সদস্য ও নির্বাহী কমিটির চেয়ারম্যান, কো-চেয়ারম্যান, মহাসচিব, সহ-সভাপতি, যুগ্ম মহাসচিব ও সাংগঠনিক সম্পাদক মনোনীত হবেন। উপরোক্ত মনোনীত সদস্যরা পূর্ণাঙ্গ নির্বাহী কমিটি গঠন করবেন।







# বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন - বিএনএম Bangladesh Nationalist Movement - B N M

কেন্দ্রীয় কার্যালয় :

এইচ - ২৩, আমতলী, মহাখালী, ঢাকা - ১২১২

মোবাইল: ০১৬২১৯১৭৭১৮, ০১৭১৬০১০১০২

Email : bnm.democracy@gmail.com

www.bnmdb.org

২) **জাতীয় স্থায়ী কমিটি:** অনূর্ধ্ব ১৫ (পনের) জন সদস্য নিয়ে জাতীয় স্থায়ী কমিটি গঠিত হবে। চেয়ারম্যান, কো-চেয়ারম্যান ও মহাসচিব পদাধিকার বলে জাতীয় স্থায়ী কমিটির সদস্য হবেন। নির্বাহী কমিটি জাতীয় স্থায়ী কমিটির সদস্যদের নির্বাচিত করবেন। জাতীয় স্থায়ী কমিটির সদস্য ০২ (দুই) মেয়াদের পরে এক মেয়াদ অব্যাহতির পরে পুনরায় জাতীয় স্থায়ী কমিটির সদস্য নির্বাচিত হতে বাধা থাকবে না।

৩) **উপদেষ্টা কমিটি:** জাতীয় স্থায়ী কমিটির অধিকাংশ সদস্যের সুপারিশে দলের মধ্য হতে বা বাহির হতে অনূর্ধ্ব ২১ (একুশ) জন উপদেষ্টা নিয়োগ পাবেন। উপদেষ্টাগণ, ভাইস চেয়ারম্যানগণের পরে এবং সকল সম্পাদকের উপরে পদ মর্যাদা পাবেন।

৪) **জেলা/মহানগর কমিটি:** এই কমিটি হবে ১০১ সদস্য বিশিষ্ট। অধীনস্থ সকল থানা, পৌর কমিটির সুপারফাইভ (সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সাধারণ সম্পাদক, সহ-সাধারণ সম্পাদক, ও সাংগঠনিক সম্পাদক গোপন ভোটারের মাধ্যমে জেলার সুপার ফাইভ নির্বাচন করবেন এবং জেলা সুপার ফাইভ তিন বছরের জন্য পুনর্নির্বাচন কমিটি গঠন করবে।

৫) **থানা/ উপজেলা/পৌরসভা কমিটি:** ৭১ সদস্য বিশিষ্ট ৩ (তিন) বছর মেয়াদ জেলা কমিটির ন্যায় কাউন্সিলর কর্তৃক নির্বাচিত হবেন।

৬) **ইউনিয়ন/পৌর ওয়ার্ড কমিটি:** ৫১ সদস্য বিশিষ্ট ৩ (তিন) বছরের জন্য জেলা কমিটির ন্যায় কাউন্সিলর কর্তৃক নির্বাচিত হবেন।

৭) **ওয়ার্ড (ইউনিয়ন এর) কমিটি:** ২১ সদস্য বিশিষ্ট ৩ (তিন) বছরের জন্য আলোচনার মাধ্যমে ইউনিয়ন কমিটি (সুপার ফাইভ) কর্তৃক নির্বাচিত হবে।

৮) **কেন্দ্রীয় কমিটির গঠন:** পরিশিষ্ট-'খ'

৯) **জেলা/মহানগর কমিটির গঠন:** পরিশিষ্ট-'গ'

১০) **থানা/পৌর কমিটির গঠন:** পরিশিষ্ট-'ঘ'

১১) **ইউনিয়ন/পৌর ওয়ার্ড কমিটির গঠন:** পরিশিষ্ট-'ঙ'

*তাসিনা*  
২৬/০১/২০২৬  
জাহাঙ্গীর  
বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন  
(বিএনএম)

১৮) **কাউন্সিলর:** প্রত্যেক কমিটির জন্য তার নিকটবর্তী নিম্ন কমিটির এক তৃতীয়াংশের সদস্যগণ কাউন্সিলর হিসেবে গন্য হবেন। যেমন কেন্দ্রের ক্ষেত্রে সকল কেন্দ্রীয় কর্মকর্তা ও সদস্য, সকল জেলার/মহানগরের সুপার ফাইভ কাউন্সিলর হিসাবে গন্য হবেন। একইভাবে জেলার জন্য জেলা কমিটির সকল কর্মকর্তা/সদস্য এবং অধীনস্থ সকল থানা/পৌরসভা এর সুপার ফাইভ, থানার/পৌরসভার ক্ষেত্রে থানা কমিটির সকল কর্মকর্তা সদস্য এবং ইউনিয়ন/পৌর ওয়ার্ড কমিটির সুপার ফাইভ, ইউনিয়নের বা ইউনিয়ন/পৌর ওয়ার্ড কমিটির জন্য ইউনিয়ন/পৌর ওয়ার্ড কমিটির সকল কর্মকর্তা ও সদস্য এবং অধীনস্থ সকল ওয়ার্ড (ইউনিয়নের কমিটি) সুপার ফাইভ গণ কাউন্সিলর বলে গন্য হবেন। দলের প্রকাশনা ও ডিজিটাল প্রচার-প্রচারণার সকল দায় দায়িত্ব গবেষণা সেলের অধীনে থাকবে তথ্য কনটেন্ট এই সেলের অনুমতিক্রমে প্রচার করা হবে।

১৯) **প্রশিক্ষণ সেল:** কেন্দ্রীয়ভাবে একটি প্রশিক্ষণ সেল থাকবে। প্রশিক্ষণ বিষয়ক সম্পাদক সহ সম্পাদক এবং কার্য নির্বাহী কমিটির ৭ জন সদস্যের সমন্বয়ে এই সেল গঠিত হবে। নেতা কর্মীদের মধ্যে

নিত্যক্ষণ-নতুন বাংলাদেশ

Bangladesh-Changing Every Nanosecond

বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক রাজনৈতিক দল হিসেবে নিবন্ধিত - নিবন্ধন নং: ০৪৮



# বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন - বিএনএম

## Bangladesh Nationalist Movement - B N M



আহবায়ক ২৬/৩/২০২০  
বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন  
(বিএনএম)

কেন্দ্রীয় কার্যালয় :

এইচ - ২৩, আমতলী, মহাখালী, ঢাকা - ১২১২

মোবাইল: ০১৬২১৯১৭৭১৮, ০১৭১৬০১০১০২

Email : bnm.democracy@gmail.com

দেশপ্রেম, মানবিকতা, সহনশীলতা, ভদ্রতা, সৌজন্যতা, পরমত সহিষ্ণুতা, সততা জাগ্রতকরন, দেশবিদেশের আর্থ সামাজিক-রাজনৈতিক পরিস্থিতি জ্ঞাত করানো, দলীয় কৌশল, বক্তব্য প্রশিক্ষন এবং সন্ত্রাস, দুর্নীতি, সহিংসতামুক্ত থাকার বিষয়ে প্রশিক্ষন প্রদান করবে।

**২০। গবেষণা সেল:** দলের জন্য কেন্দ্রীয়ভাবে একটি গবেষণা সেল থাকবে। প্রশিক্ষন ও গবেষণা সম্পাদক, সহ সম্পাদক (যেখানে আছে) এবং কার্য নির্বাহী কমিটির ৫ জন সদস্য এবং উপদেষ্টা কমিটির প্রয়োজনীয় সদস্যের সমন্বয়ে এই সেল গঠিত হবে। রাজনৈতিক কৌশল, জনগণের মনোভাব মূল্যায়ন করা, নির্বাচনী কৌশল নির্ধারণ করা, পরিস্থিতি ইত্যাদি পর্যালোচনা করতঃ এই কমিটি দলের করনীয় সম্পর্কে পরামর্শ দিবেন।

**২১। তথ্য প্রযুক্তি কেন্দ্র:** কেন্দ্রীয়ভাবে দল ও দেশের সমৃদ্ধির জন্য একটি তথ্য প্রযুক্তি কেন্দ্র হবে। চতুর্থ শিল্প বিপ্লবের অন্তর্ভুক্তির জন্য গবেষণা প্রশিক্ষণ ও পরিচালক বাস্তবায়ন করা হবে।

**২২। বিষয়ভিত্তিক সাব কমিটি:** দল রাষ্ট্র ক্ষমতায় না থাকলে সরকারের যে সকল বিষয়ে মন্ত্রণালয় আছে, সে সকল বিষয়ক সম্পাদক ও সহ সম্পাদকগন বিষয়ভিত্তিক সাব কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করবে। সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ভুলত্রুটি এবং নিজ দল রাষ্ট্রীয় দায়িত্ব প্রাপ্ত হলে উক্ত মন্ত্রণালয় সম্পর্কে কী পলিসি নির্ধারন করবে সে বিষয়গুলো দল ও জনগণের সামনে তুলে ধরবে। প্রয়োজনবোধে যেকোন বিষয়ের উপরে উপ-কমিটি গঠন করা যাবে।

### ২৩। তলবী সভা:

কেন্দ্র সহ দলের সকল পর্যায়ের কোন সভাপতি/সাধারণ সম্পাদক দীর্ঘদিন (নূন্যতম ১ বছর) দলের সভা আহবান না করলে সংশ্লিষ্ট কার্য নির্বাহী কমিটির ২/৩ অংশ কর্মকর্তা/সদস্যের স্বাক্ষরে মনোনীত কর্মকর্তা সভা আহবান করতে পারবে যা তলবী সভা বলে গণ্য হবে। উক্ত সভা অন্যান্য সাধারণ সভার মতই সিদ্ধান্ত গ্রহন করতে পারবে।

### ২৪। সভায় অনুপস্থিতি:

সংগঠনের কোন কর্মকর্তা বা সদস্য পরপর তিনবার কার্যনির্বাহী কমিটি সভায় অনুপস্থিত থাকলে সংগঠনের মহাসচিব/ সাধারণ সম্পাদক অনুপস্থিত ঔ কর্মকর্তা বা সদস্যকে কারণ দর্শানো নোটিশ প্রদান করবেন। অভিযুক্ত ব্যক্তি সাত কর্ম দিবসের মধ্যে উপযুক্ত কারণ দর্শাতে ব্যর্থ হলে ঔ পদ থেকে তাকে অপসারিত করা হবে এবং নতুন-ব্যক্তিকে নিয়োগ দেয়া হবে।

### ২৫। মনোনয়ন বোর্ড:

সংসদ নির্বাচনের ক্ষেত্রে স্থায়ী কমিটির সকল সদস্য মনোনয়ন বোর্ডের সদস্য হবেন। দলের চেয়ারম্যান এই বোর্ডের সভাপতিত্ব করবেন। অন্যান্য নির্বাচনের ক্ষেত্রে কো-চেয়ারম্যানের সভাপতিত্বে মনোনয়ন বোর্ড গঠন করা হবে।

### ২৬। কাউন্সিল অনুষ্ঠান:

প্রতি ৫ (পাঁচ) বছর পর পর দলের সকল সাংগঠনিক স্তরের কাউন্সিল সম্পন্ন করা হবে।



নিত্যক্ষণ-নতুন বাংলাদেশ

Bangladesh-Changing Every Nanosecond



# বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন - বিএনএম Bangladesh Nationalist Movement - B N M

কেন্দ্রীয় কার্যালয় :

এইচ - ২৩, আমতলী, মহাখালী, ঢাকা - ১২১২

মোবাইল: ০১৬২১৯১৭৭১৮, ০১৭১৬০১০১০২

Email : bnm.democracy@gmail.com

www.bnmdb.org

**২৭। বহিষ্কার/অপসারণ/পদানবতি:** এক্ষেত্রে স্থায়ী কমিটি, ভাইস চেয়ারম্যান এবং উপদেষ্টা মন্ডলীয় জন্য চেয়ারম্যান বহিষ্কার/অপসারণ/পদানবতি করতে পারবেন। দুইধাপ উপরের কমিটির সুপার ফাইভ এর দুই তৃতীয়াংশের মতামতের ভিত্তিতে যে কোন কর্মকর্তার বা সদস্যকে বহিষ্কার করা যাবে।

**২৮। সেন্ট্রাল গ্রিভান্স এন্ড ডিসিপ্লিনারী কমিটি:** কেন্দ্রীয়ভাবে একটি অভিযোগ নিষ্পত্তি সেল থাকিবে। দলের সংস্কৃদ্ধ যেকোন সদস্য কেন্দ্রীয় অভিযোগ উত্থাপন করতে পারবেন। অভিযোগ নিষ্পত্তি সেল যথাযথ তদন্ত করে, প্রয়োজনীয় শুনানী করে অভিযোগের উপরে সিদ্ধান্ত দিবেন। উক্ত সিদ্ধান্তের একটি কপি তাদের সিদ্ধান্ত চেয়ারম্যানের দপ্তরেও প্রেরণ করিবেন। সেখানে কো-চেয়ারম্যানের সভাপতিত্বে একটি এ্যাপিলেট ফোরাম থাকিবে। প্রয়োজনবোধে সংস্কৃদ্ধ সদস্য আপীল করতে পারবেন। আপীলের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

## ২৯। সভা আহ্বানের নিয়ম:

ক) সাধারণ সভা- নূন্যতম এক মাসের নোটিশে।

খ) জরুরী সভা- নূন্যতম তিন দিনের নোটিশে।

## ৩০। অঙ্গ ও সহযোগী সংগঠন:

দলে নিম্ন বর্ণিত অঙ্গ ও সহযোগী সংগঠন থাকবে:

ক) অঙ্গসংগঠন

- (১) জাতীয়তাবাদী যুব আন্দোলন (নূন্যতম ৩১ বছর)।
- (২) জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা আন্দোলন।
- (৩) জাতীয়তাবাদী আইনজীবী আন্দোলন।
- (৪) জাতীয়তাবাদী মহিলা আন্দোলন (নূন্যতম ৩১ বছর)।
- (৫) জাতীয়তাবাদী কৃষক আন্দোলন।
- (৬) জাতীয়তাবাদী সাংস্কৃতিক আন্দোলন।
- (৭) জাতীয়তাবাদী ওলামা আন্দোলন।
- (৮) জাতীয়তাবাদী পেশাজীবী আন্দোলন।
- (৯) জাতীয়তাবাদী গনমাধ্যম আন্দোলন।
- (১০) জাতীয়তাবাদী তথ্য প্রযুক্তি আন্দোলন।

*স্বাক্ষর*  
আইনজীবী  
বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন  
(বিএনএম)  
১৬/১১/২০২০



নিত্যক্ষণ-নতুন বাংলাদেশ  
Bangladesh-Changing Every Nanosecond

বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক রাজনৈতিক দল হিসেবে নিবন্ধিত - নিবন্ধন নং: ০৪৮



# বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন - বিএনএম Bangladesh Nationalist Movement - B N M

কেন্দ্রীয় কার্যালয় :

এইচ - ২৩, আমতলী, মহাখালী, ঢাকা - ১২১২

মোবাইল: ০১৬২১৯১৭৭১৮, ০১৭১৬০১০১০২

Email : bnm.democracy@gmail.com

www.bnmdb.org

(১১) জাতীয়তাবাদী প্রবাসী আন্দোলন।

খ) সহযোগী সংগঠন স্ব স্ব গঠনতন্ত্র অনুযায়ী পরিচালিত হবে।

১) জাতীয়তাবাদী ছাত্র আন্দোলন

২) জাতীয়তাবাদী শ্রমিক আন্দোলন

৩) জাতীয়তাবাদী প্রাক্তন সেনা আন্দোলন।

৩১। গঠনতন্ত্র সংশোধনঃ

স্থায়ী কমিটির সংখ্যাগরিষ্ঠ সদস্যদের সম্মতিক্রমে এই গঠনতন্ত্রের যে কোন অনুচ্ছেদের পরিবর্তন/সংশোধন/সংযোজন করতে পারবেন।

৩২। দলের নাম ও প্রতীক সংক্রান্ত পরিবর্তন ও পরিমার্জনের ক্ষেত্রে উপস্থিত জাতীয় স্থায়ী কমিটির সংখ্যা গরিষ্ঠ ভোটের মাধ্যমে সিদ্ধান্ত গৃহীত হবে।

৩৩। দলের তহবিলঃ

কেন্দ্রীয় কমিটি সহ জেলা/মহানগর/থানা/পৌর কমিটির প্রত্যেকটিতে কমিটির তহবিল থাকবে। যাহা ব্যাংক একাউন্টের মাধ্যমে পরিচালিত হবে। কমিটির চেয়ারম্যান/সভাপতি, মহাসচিব/সাধারণ সম্পাদক এবং কোষাধ্যক্ষ এই তিন জনের নামে ব্যাংক একাউন্ট হবে। এই তহবিলের উৎস, সদস্য ভর্তি ফি, সকল পদবীর সদস্যদের মাসিক চাঁদা, মনোনয়ন ফরম বিক্রয় এবং অনুদান। কো-চেয়ারম্যান অডিট কমিটির প্রধান হিসেবে প্রতি অর্ধ-বার্ষিকে অডিট সম্পন্ন করবেন।

৩৪। সদস্য ফি ও মাসিক চাঁদাঃ দলের প্রাথমিক সদস্যের ভর্তি ফি ন্যূনতম ১০০/-। অন্যান্য নিম্নোক্ত হারে মাসিক চাঁদা প্রদান করিবেন।

১। ইউনিয়ন কমিটির সুপার ফাইভ ন্যূনতম -২০০/-

২। ইউনিয়ন কমিটির অন্যান্য সদস্য ন্যূনতম -১০০/-

৩। থানা কমিটির সকল কর্মকর্তা ন্যূনতম -৩০০/-

৪। থানা কমিটির সকল সদস্য ন্যূনতম -২০০/-

৫। জেলা/মহানগর কমিটির সকল কর্মকর্তা ন্যূনতম -৫০০/-



নিত্যক্ষণ-নতুন বাংলাদেশ

Bangladesh-Changing Every Nanosecond

বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক রাজনৈতিক দল হিসেবে নিবন্ধিত - নিবন্ধন নংঃ ০৪৮



# বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন - বিএনএম Bangladesh Nationalist Movement - B N M

কেন্দ্রীয় কার্যালয় :

এইচ - ২৩, আমতলী, মহাখালী, ঢাকা - ১২১২

মোবাইল: ০১৬২১৯১৭৭১৮, ০১৭১৬০১০১০২

Email : bnm.democracy@gmail.com

www.bnmdb.org

৬। জেলা/মহানগর কমিটির সকল সদস্য নুন্যতম -৩০০/-

৭। জাতীয় নির্বাহী কমিটির সকল কর্মকর্তা নুন্যতম -১০০০/-

৮। জাতীয় নির্বাহী কমিটির সকল সদস্য নুন্যতম -৭০০/-

৯। স্থায়ী কমিটি সকল সদস্য নুন্যতম -১৫০০/-

## ৩৫। পরিশিষ্ট সমূহঃ

- (১) পরিশিষ্ট-ক- প্রাথমিক সদস্যপদের জন্য আবেদন পত্র।
- (২) পরিশিষ্ট-'খ' - কেন্দ্রীয় কমিটির গঠন।
- (৩) পরিশিষ্ট-'গ'- জেলা/মহানগর কমিটির গঠন।
- (৪) পরিশিষ্ট-'ঘ'- থানা/পৌর কমিটির গঠন।
- (৫) পরিশিষ্ট-'ঙ'- ইউনিয়ন/পৌর ওয়ার্ড কমিটির গঠন।

  
আহবায়ক ১৬/০৯/২০১৩  
বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন  
(বিএনএম)

নিত্যক্ষণ-নতুন বাংলাদেশ

Bangladesh-Changing Every Nanosecond

বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক রাজনৈতিক দল হিসেবে নিবন্ধিত - নিবন্ধন নং: ০৪৮